গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
গাইবান্ধা ।
www.dwa.gaibandha.gov.bd

স্মারক নং- ৩২.০১.৩২০০.০০১.২৫.১৪০.২৬.২৪৪ তারিখ ঃ ১৯ মে ২০২৬ খ্রি.

## ভর্তি বিজ্ঞপ্তি

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২০২৭ অর্থ বছরের ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং, সো-পিচ এন্ড হ্যান্ডিক্রাফট, সূচি শিল্প: হ্যান্ড এম্ব্রয়ডারী এন্ড কারচুপি ওয়াকর্স, সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন, ব্লকবাটিক অ্যান্ড প্রিন্টিং ট্রেডে জুলাই-২০২৬ খ্রিঃ থেকে সেপ্টেম্বর-২০২৬ খ্রিঃ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভর্তি করা হবে। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক আগ্রহী মহিলাদের নিকট হতে নির্ধারিত আবেদনপত্রে উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা বরাবর আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনপত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর, ছোট সন্তানের বয়স, পারিবারিক আয়, পূর্বে এ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করছেন কিনা উল্লেখ থাকতে হবে। আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সত্যায়িত), জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের ফটো কপি (সত্যায়িত), শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

শর্তাবলী সমুহ ঃ

০১। প্রার্থীর বয়স (১৬-৪৫) বছরের মধ্যে হতে হবে। শারিরীক ভাবে প্রশিক্ষণ গ্রহণে সক্ষম হতে হবে।
০২। আয় বৃদ্ধি মূলক প্রশিক্ষণে অংশ গ্রহনে যোগ্যতা থাকতে হবে।
০৩। নিম্ন আয়ভূক্ত পরিবারের মহিলারা অগ্রাধিকার পাবেন।
০৪। পরিবার প্রধান দুঃস্থ মহিলা, তালাক প্রাপ্ত/ বিধবা/স্বামী পরিত্যক্তা অথবা যার স্বামী কর্মে অক্ষম/অবিবাহিত সহায় সম্বলহীন মহিলারা অগ্রাধিকার পাবেন।
০৫। নির্বাচিত মহিলার পরিবার হতে প্রশিক্ষণ গ্রহণে যথাযথ সম্মতি থাকতে হবে।
০৬। প্রশিক্ষনার্থীকে গ্রুপে কাজ করার ইচ্ছা থাকতে হবে।
০৭। অনিয়ম/অসদাচরণের জন্য কোন প্রশিক্ষণার্থীকে একবার বহিস্কার করা হলে তাঁকে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহন করতে দেওয়া হবে না। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
০৮। প্রশিক্ষণার্থীকে কার্যালয়ের নিদের্শক্রমে সরকারী বিভিন্ন কর্মকান্ডে আবশ্যিক ভাবে (সরকারি/জাতীয় দিবস সমূহ/সমাবেশ, সরকারি অনুষ্ঠান ইত্যাদি) অংশ গ্রহণ করতে হবে।
০৯। ভর্তির ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আগামী ২০ মে ২০২৬ খ্রি. থেকে ২১ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র প্রদান ও গ্রহণ করা হবে। আগামী ২৯ মে ২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রার্থীদের স্বাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় সংযুক্ত কাগজপত্রাদির মূল কপি সংগে আনতে হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

১৯/০৫/২০২৬
(নার্গিস জাহান)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
গাইবান্ধা ।
E-mail : gaibandhadwao@gmail.com